দামুড়হুদায় অনলাইন দেশ চ্যানেলের প্রতিষ্ঠাবার্ষিকী পালন

দামুড়হুদা প্রেসক্লাবে অনলাইন দেশ চ্যানেলের ৪র্থ বর্ষে পদার্পণে প্রতিষ্ঠাবার্ষিকী পালন করা হয়েছে।

রবিবার সকাল ১১ টার সময় দামুড়হুদা প্রেসক্লাবে অনলাইন দেশ চ্যানেলের চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি হাফিজুর রহমান কাজল এর আয়োজনে প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়।

অনলাইন দেশ চ্যানেলের চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি হাফিজুর রহমান কাজলের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজোহা পলাশ, দামুড়হুদা মডেল থানার সাব ইন্সপেক্টর সবুজ, দামুড়হুদা থানা বিএনপির সাংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাশেম, দামুড়হুদা প্রেসক্লাবের সাংগঠনিক সম্পাদক মেহেরপুর প্রতিদিন পত্রিকার দামুড়হুদা প্রতিনিধি রকিবুল হাসান তোতা, দামুড়হুদা উপজেলা যুবদলের সদস্য সচিব মাহফুজুর রহমান মিল্টন, বিএনপি নেতা সাবেক ইউপি সদস্য ইকরামুল হোসেন, উপজেলা যুবদল নেতা শওকত হোসেন।

এসময় আরো উপস্থিত ছিলেন দামুড়হুদা প্রেসক্লাব সাংবাদিক সমিতির সাধারণ সম্পাদক দৈনিক কালবেলার দামুড়হুদা প্রতিনিধি শাহজালাল বাবু, সহ-সভাপতি দৈনিক সময়ের সমীকরণের দামুড়হুদা প্রতিনিধি মোজাম্মেল শিশির, দৈনিক মাথাভাঙ্গার বিশেষ প্রতিনিধি তাছির আহমেদ, দৈনিক কালের কন্ঠ দামুড়হুদা প্রতিনিধি সিনিয়র সাংবাদিক হাবিবুর রহমান হবি, দৈনিক আজকের খাসখবর পত্রিকার দামুড়হুদা প্রতিনিধি শেখ হাতেম, বাংলা এফেয়ার্সের দামুড়হুদা প্রতিনিধি রোকনুজ্জামান, দৈনিক এই আমার দেশ পত্রিকার দামুড়হুদা প্রতিনিধি আল সাফায়েত হোসেন, দৈনিক সকালের খোঁজখবর পত্রিকার দামুড়হুদা প্রতিনিধি জহিরুল ইসলাম।

এ সময় বক্তরা বলেন, অনলাইন দেশ চ্যানেল একটি ব্যতিক্রমী চ্যানেল। যেখানে বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন করা হয়। আমরা দেখেছি বৈষম্য

বিরোধী ছাত্র জনতার আন্দোলনের মাঝে জীবনের ঝুঁকি নিয়ে সাংবাদিকরা ভিডিও ফুটেজ তৈরি করে দেশ চ্যানেলে প্রকাশ করেছিল।

এটাই সাহসিকতার পরিচয় সাংবাদিকদের। তখনই আমার বিশ্বাস অনলাইন দেশ চ্যানেল একটি ভালো সংবাদ মাধ্যম এবং বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন করতে এরা পিছুপা হয় না তাই সাহসিকতার সাথে এই দেশ চ্যানেল পরিবারের সংশ্লিষ্ট সকল সাংবাদিকবৃন্দ এগিয়ে যাবেন এই প্রত্যাশা রইল। আমরা আছি আপনাদের সাথে সব সময়।

দামুড়হুদায় অজ্ঞাত গাড়ির সাথে ধাক্কা লেগে দুই যুবক নিহত

দামুড়হুদা পুরাতন বাস্তপুর অজ্ঞাত গাড়িতে ধাক্কা লেগে দুজন নিহত হয়েছে। নিহত নাহিদ (১৯) পুরাতন বাস্তপুর গ্রামের আমিনুল ইসলামের ছেলে ও সুইট (২৫) একই গ্রামের সেলিম উদ্দিনের ছেলে।

রাত এগারোটার দিকে পুরাতন বাস্তবপুর মাদ্রাসার আদরের কামারের দোকানের সামনে অজ্ঞাত অজ্ঞাত গাড়ির সাথে ধাক্কা লেগে দুই মোটরসাইকেল আহারি নিহত হয়েছে।

জানা যায়, দামুড়হুদা উপজেলার পুরাতন বাস্তবপুর গ্রামের আমিনুল ইসলামের ছেলে নাহিদ ও সেলিম উদ্দিনের ছেলে সুইট মোটরসাইকেল যোগে রঘুনাথপুর থেকে বাস্তপুরের দিকে যাওয়ার সময় কামারের দোকানের সামনে পৌঁছালে অপর দিক থেকে আসা অজ্ঞাত গাড়ির সাথে ধাক্কা লেগে দুইজন ঘটনাস্থলে নিহত হয়। স্থানীয় লোকজন ঘটনাস্থলে পৌঁছে পুলিশকে খবর দেয়।

পরে খবর পেয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ হুমায়ুন কবির ঘটনাস্থল পরিদর্শন করেন।

দামুড়হুদায় শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নে প্রধান উপদেষ্টার ত্রাণ ভান্ডার হতে ৩ কিস্তিতে ২৯১টি শীতার্তদের মাঝে শীতবস্ত্র কম্বল বিতরণ করা হয়েছে।

রবিবার বেলা সাড়ে ১০ টার সময় হাউলী ইউনিয়ন পরিষদের আয়োজনে পরিষদ চত্বরে আনুষ্ঠানিক ভাবে বৃদ্ধ পুরুষ-মহিলা ও প্রতিবন্ধীদের মাঝে এসব শীতবস্ত্র কম্বল বিতরণ করা হয়।

গ্রামে একটা কথা চালু আছে ‘কারো পৌষ মাস, কারো সর্বনাশ’। শীতকাল বৃত্তবানদের কাছে অনেক সুখকর সময় মনে হলেও দুস্থ অসহায় মানুষের কাছে সর্বনাশই। কারণ শীতকাল এলেই ধনী বা মধ্যবিত্তরা বাহারি ডিজাইন ও নানা রঙের শীতের পোশাক কেনার ধুম পড়ে যায়।

আর যাদের সামান্য একটি শীতের পোশাক কেনার সামর্থ্য নেই, তাদের কাছে শীতকাল মানেই সর্বনাশ। তাদের কছে সরকারি কম্বলই একমাত্র সম্বল। বরাবরের মতো এবারও এসব অসহায় ও দুস্থ মানুষের মাঝে শীতবস্ত্র পৌঁছে দিচ্ছে বাংলাদেশ সরকার।

হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন এর সভাপতিত্বে কম্বল বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলী, সাধারণ সম্পাদক মোঃ নাফিজ আক্তার সিদ্দিকী, হাউলী ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তা মনিরুজ্জামান, ট্যাগ অফিসার আতিকুর রহমান, ৩ নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক আব্দুর রাজ্জাক, ৬ নং ওয়ার্ড বিএনপির সভাপতি রোকনুজ্জামান বাবু, দামুড়হুদা থানা যুবদলের সদস্য মমিনুল ইসলাম, হাউলী ইউনিয়ন ছাত্রদলের সাংগঠনিক সম্পাদক ফারুক মল্লিক, ইউপি সদস্য রিকাত আলী, সেলিমসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় বিএনপির উদ্যোগে কর্মী সমাবেশ অনুষ্ঠিত

দামুড়হুদায় ওয়ার্ড বিএনপির উদ্যেগে কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার রাত ৮টার দিকে দামুড়হুদা সদর ৪ নং ওয়ার্ডের উদ্যেগে কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়।

ওয়ার্ড বিএনপির সভাপতি আশরাফুল আলমের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু।

এ সময় প্রধান অতিথি দামুড়হুদা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু বলেন, বিগত ১৬ বছর ধরে স্বৈরাচারী শেখ হাসিনার নেতৃত্বে যে অপকর্মগুলো করেছে তা ভাষায় প্রকাশ করা যাবে না আপনারা নিজে চোখেই দেখেছেন। পাপ বেশি হয়ে গিয়েছিল স্বৈরাচারি শেখ হাসিনার তাই ছাত্র জনতার তোপের মুখে এমপি মন্ত্রী ও নেতাকর্মীদের ফেলে ভারতে পালিয়ে যাই। এর মতো লজ্জার আর কিছু হয় না। বিএনপি দুর্নীতিকে প্রশ্রয় দেয় না দিবেনা। বিএনপি দল জনগণের পাশে ছিল জনগণের পাশে থাকবে ইনশাআল্লাহ ।

এ সময় কর্মী সভায় উপস্থিত ছিলেন উপজেলা বিএনপি’র যুগ্ম সাধারণ সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রফেসর আবুল হাশেম, ইউনিয়ন বিএনপি’র সভাপতি আব্দুর রহিম , ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আনসার আলী, থানা বিএনপির নেতা রোকনুজ্জামান তোতাম ও আব্দুস সালাম,৪নং নম্বর ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক আবুল আজাদ।

দামুড়হুদা উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক আরিফুল ইসলাম আরিফ। ওয়ার্ড যুবদলের নেতা বাকীবিল্লাহ, সাইফুল ইসলাম মল্লিক, ফয়জুল খাঁ, আবু বক্কর সাইদুর, নয়ন জহিরুল ইসলাম , বাবু আবুজার, মন্টু, ডাবলু, শাহ আলম, আব্দুর রাজ্জাক রফিকুল ইসলাম,খোকন।
অনুষ্ঠানটি পরিচালনা করেন যুবদল নেতা ওমর ফারুক।

দামুড়হুদা হাউলী ইউনিয়নে বিএনপির কর্মীসভা

দামুড়হুদা হাউলী ইউনিয়নের ৩নং ওয়ার্ড বিএনপির কর্মীসভা অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার বেলা ৪টার দিকে হাউলী ইউনিয়ন ও ওয়ার্ড বিএনপির আয়োজনে জয়রামপুর ষ্টেশন বাজার মাঠে এই কর্মীসভা অনুষ্ঠিত হয়।

হাউলী ইউনিয়ন ৩নং ওয়ার্ড বিএনপির সভাপতি (ভারপ্রাপ্ত) আবুল হাসান এর সভাপতিত্বে কর্মী সভায় প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির। অনুষ্ঠানে প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন দামুড়হুদা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি আব্দুল ওয়াহেদ, সাংগঠনিক সম্পাদক প্রফেসার আবুল হাসেম। হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলী, সাধারণ সম্পাদক নাফিজ আক্তার সিদ্দিকী, সিনিয়র সহ-সভাপতি মহিউদ্দিন,। দামুড়হুদা সদর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক ভারপ্রাপ্ত আনছার আলী, থানা বিএনপি নেতা রোকনুজ্জামান তোতাম, আব্দুস সালাম।

হাউলী ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সম্পাদক মালেক রুস্তম এর সঞ্চালনায় অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহবায়ক রকিবুল হাসান তোতা, চুয়াডাঙ্গা জেলা ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক শাকিল আহমেদ, পাঠাগার সম্পাদক আরিফুল ইসলাম, দামুড়হুদা উপজেলা যুবদলের নেতা হুমায়ুন কবির ডাবলু, মমিনুল ইসলাম, সুমন।

হাউলী ইউনিয়ন কৃষক দলের সভাপতি শমসের আলী, সাধারণ সম্পাদক মমিনুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক আমিরুল ইসলাম,
হাউলী ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের সভাপতি তরিকুল ইসলাম, সিনিয়র যুগ্ম আহ্বায়ক ইদ্রিস আলী।হাউলী ইউনিয়ন ৩নং ওয়ার্ড বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক রবিউল ইসলাম, সাংগঠনিক সম্পাদক হাফিজুর রহমান।

হাউলী ইউনিয়ন যুবদল নেতা আরিফুল ইসলাম, দেলোয়ার, নূর সালামসহ বিভিন্ন ওয়ার্ড থেকে আসা বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

সভায় বক্তারা বলেন, দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের ৩নং ওয়ার্ড বিএনপির উদ্যোগে এই কর্মী সভায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানায়। সভায় দলের সাংগঠনিক কার্যক্রম জোরদার করার পাশাপাশি দলীয় ঐক্য বজায় রেখে ভবিষ্যৎ রাজনৈতিক কার্যক্রম পরিচালনার বিষয়ে আলোচনা হয়। বক্তারা দলের তৃণমূল পর্যায়ের কর্মীদের সক্রিয় ভূমিকা এবং জনগণের পাশে থাকার আহ্বান জানান। তারা দলীয় আদর্শ ও নেতৃত্বের প্রতি আস্থা রেখে সংগঠনকে আরও সুসংগঠিত করার প্রত্যয় ব্যক্ত করেন। বক্তারা গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠায় সবাইকে একযোগে কাজ করার আহ্বান জানান। উল্লেখ্য, এই কর্মী সভা ভবিষ্যৎ কর্মসূচি প্রণয়ন ও সংগঠনের কার্যক্রম শক্তিশালী করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আশা করা হচ্ছে।

অনুষ্ঠানের সার্বিক তত্ত্বাবধানে ছিলেন, হাউলী ইউনিয়নের ৩নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক মো: আব্দুর রাজ্জাক।

দামুড়হুদা পাইলট গার্লস স্কুল এন্ড কলেজে ক্রীড়া প্রতিযোগিতা

দামুড়হুদা পাইলট গার্লস স্কুল এন্ড কলেজে দুই দিনব্যাপী ক্রীড়া প্রতিযোগিতা, সাংস্কৃতিক ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

“এসো দেশ বদলায় পৃথিবী বদলায়”এই স্লোগানকে সামনে রেখে নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে বৃহস্পতিবার সকাল ১০ টায় পাইলট গার্লস স্কুল এন্ড কলেজের আয়োজনে স্কুল মাঠ প্রাঙ্গণে এই ক্রীড়া প্রতিযোগিতা, সাংস্কৃতিক ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা পাইলট গার্লস স্কুল এন্ড কলেজের প্রধান শিক্ষকা মোছাঃ ফাহমিদা রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মমতাজ মহল।

এসময় তিনি বলেন, তারুণ্যের উৎসব মূলত তরুণদের ভূমিকাকে ফোকাস করা হচ্ছে। আমরা সকলেই জানি তারুণ্য বা তরুণ বয়স আসলে কী? তারুণ্য হল ছলছলে চনমনে বয়স, খেলাধুলার বয়স, লেখা পড়ার বয়স, আমি আশা করব আমার সামনে উপস্থিত প্রতিটি তরুণ তরুণী আজকে যে শপথ বাক্য পাঠ করল এর মাধ্যমে ভালো পথে থেকে নিজের জন্য এবং দেশের জন্য ভালো কিছু করে সমাজ এবং নিজের পিতা মাতার মূখ উজ্জ্বল করবে।

এসময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এস,এম বজলুর রহমান, উপজেলা একাডেমিক সুপারভাইজার রাফিজুল ইসলাম,দামুড়হুদা প্রেসক্লাবের সাংবাদিক সমিতির সভাপতি হাফিজুর রহমান কাজল, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের জেলা আহ্বায়ক কমিটির মুখপাত্র তামান্না খাতুন, যুগ্ন- আহবায়ক সিরাজুম মনিরা, সহকারি সিনিয়র শিক্ষিকা নূর জাহান খাতুন, সহকারি সিনিয়র শিক্ষক ইমদাদুল হক, বিপুল কুমার, আবু বক্কর,সহকারী শিক্ষিকা সীমা সুলতানা, রুহানি আক্তার, ফাহারিয়া খাতুন, সহকারী শিক্ষক মোহাম্মদ মনসুর, রফিক উদ্দিন, আক্তার হোসেন, হারুন অর রশিদ, মিকাইল হোসেন প্রমুখ।

তারুণ্যের উৎসব ২০২৫ উপলক্ষে দামুড়হুদা পাইলট গার্লস স্কুল এন্ড কলেজের আয়োজনে শিক্ষক-শিক্ষার্থী এবং অভিভাবক সদস্যবৃন্দ দিনব্যাপী বিভিন্ন ক্রীড়া ও অ্যাথেলেট, সাংস্কৃতিক, কেরাত, হামদ নাত,দেশাত্মবোধক গান এবং মুক্তযুদ্ধভিত্তিক যেমন খুশি তেমন সাজো প্রতিযোগিতায় অংশগ্রহণ করে নিজেদের যোগ্যতা মেলে ধরেন।

সমগ্র অনুষ্ঠানটির সঞ্চালনায় ছিলেন সহকারী শিক্ষক আব্দুর রাজ্জাক।

দামুড়হুদায় আইনশৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভা

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়ন পরিষদের হল রুমে ইভটিজিং, মাদক, বাল্য বিবাহ, জঙ্গিবাদ, ধর্মীয় উগ্রবাদ, কিশোর গ্যাং, দুর্নীতি

প্রতিরোধ, আত্মহত্যার বিরুদ্ধে সচেতনতা সৃষ্টি, ডেঙ্গু প্রতিরোধ ও সার্বিক আইনশৃঙ্খলা বিষয়ক ও বিশেষ উঠান বৈঠকের মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ জহিরুল ইসলাম।

প্রধান অতিথির বক্তব্যে ডিসি জহিরুল ইসলাম তার মূল্যবান বক্তব্যে বলেন, এসব রোধ করতে আমাদের সবাইকে একসঙ্গে কাজ করতে হবে। সামাজিক ভাবে প্রতিরোধ করতে হবে। নিজের জীবনকে ভালোবাসতে হবে। পরিবার থেকে শুরু করে শিক্ষাপ্রতিষ্ঠান এবং সমাজের প্রতিটি স্তরে সচেতনতা তৈরি করতে হবে।

মঙ্গলবার সকাল ১০টার সময় হাউলী ইউনিয়ন পরিষদ ও উপজেলা তথ্য কেন্দ্রের আয়োজনে পৃথকভাবে পরিষদের সভাকক্ষে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। এসময় হাউলী ইউপি রাজস্ব এর অর্থে গৃহীত প্রকল্পের বিপরীতে ইউনিয়নের অধিনে বিভিন্ন কৃষকের মধ্যে স্প্রে মেশিন ও দুস্থ মহিলাদের মধ্যে সেলাই মেশিন বিতরণ করা হয় এবং ইউনিয়ন পরিষদের ডিজিটাল সেন্টার সহ সব কিছু পরিদর্শন করা হয়।

বিশেষ উঠান বৈঠক ও মতবিনিময় সভার সভাপতিত্ব করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা মোছাঃ মমতাজ মহল।

অনুষ্ঠানের প্রথমার্ধের মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন হাউলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) নিজাম উদ্দিন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা মোছাঃ মমতাজ মহল, সহকারী কমিশনার ভূমি কে এইচ তাসফিকুর রহমান, সহকারী কমিশনার ভূমি মির্জা শহিদুল ইসলাম, হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি মোঃ ইউসুফ আলী, সাধারণ সম্পাদক নাফিজ আক্তার ছিদ্দিকী, হাউলী ইউনিয়ন জামায়াতের আমির ওবায়দুল্লাহ, হাউলী ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকর্তা মনিরুজ্জামান, হাউলী ইউনিয়ন বিএনপির সহ-সভাপতি মোঃ মহিউদ্দিন, উপজেলা যুবদলের যুগ্ম আহবায়ক সোহেল রানা, সদস্য সুমন, হুমায়ূন কবির ডাবলু, হাউলী ইউনিয়ন যুবদলের অন্যতম যুবনেতা আরিফুল ইসলাম আরিফসহ ইউনিয়নের বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকা ও শিক্ষার্থীরা, আগত সচেতন পুরুষ ও মহিলা এবং সকল ইউপি সদস্য বৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটি প্রানবন্ত সঞ্চালনা করেন দামুড়হুদা উপজেলা যুবদলের সদস্য মমিনুল ইসলাম মমিন। মতবিনিময় সভাটি হাউলী ইউনিয়নের সার্বিক বিষয়ে বিশেষ গুরুত্বপূর্ন ভূমিকা পালন করে।

দামুড়হুদায় উপজেলা সমন্বয় কমিটির সভা

দামুড়হুদায় ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম ২০২৫ উপজেলা সমন্বয় কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (১৬ ই জানুয়ারি) উপজেলা প্রশাসন ও উপজেলা নির্বাচন কার্যালয়ের যৌথ আয়োজনে পরিষদের সভাকক্ষে এই সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা মমতাজ মহলের সভাপতিত্বে উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার ভূমি কে এইচ তাসফিকুর রহমান, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ হুমায়ুন কবীর, দর্শনা থানার অফিসার ইনচার্জ শহীদ তিতুমীর, দামুড়হুদা প্রেস ক্লাবের সভাপতি শামসুজোহা পলাশ, আনসার ভিডিপি কর্মকর্তা মোহাম্মদ সাজিদ, উপজেলা নির্বাচন কর্মকর্তা নূর উল্লাহ, সহকারী নির্বাচন কর্মকর্তা ইমরান খান, মাধ্যমিক একাডেমিক সুপারভাইজার রাফিজুল ইসলাম, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, নাটুদহ ইউপি চেয়ারম্যান শফিকুল ইসলাম শফি, হাউলী ইউপি চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) নিজাম উদ্দিন, কুড়ালগাছি ইউপি চেয়ারম্যান কামাল উদ্দিন, নতিপোতা ইউপি চেয়ারম্যান ইয়ামিন আলী, দামুড়হুদা দাখিল মাদ্রাসার সুপার (ভারপ্রাপ্ত) মহসিন আলী, বীর মুক্তিযোদ্ধা রেজাউল হক, উপজেলা ইমাম সমিতির সভাপতি বনি ইয়ামিন, দামুড়হুদা সদর ইউপির সংরক্ষিত নারী সদস্য হাসিনা খাতুন,উপজেলা নির্বাচন অফিসের ডাটা এন্ট্রি অপারেটর মারুফ বিল্লাহ,নাহিদ হাসান প্রমূখ।

সভায় উপস্থিত বক্তরা বলেন ভোটার হালনাগাদ কার্যক্রম একটা গণতান্ত্রিক দেশের গুরুত্বপূর্ণ বিষয় এবং প্রতিটি নাগরিকের সাংবিধানিক অধিকার, ভোটার হওয়ার যোগ্যতা রাখে এমন কোন নাগরিক যেন বাদ না যায় সেদিকে যথেষ্ট গুরুত্ব দিতে হবে।

ভোটার হতে ইচ্ছুক নাগরিকদের তথ্য নেওয়ার সময় গুরুত্ব দিয়ে তথ্য লিপিবদ্ধ করতে হবে যেন শব্দের বানানসহ আনুষঙ্গিক তথ্য ভুল না হয়। দামড়হুদা উপজেলা একটা সীমান্তবর্তী এলাকা এখানে সীমান্ত ঘেঁষে বাংলাদেশের অনেকের বৈবাহিক সুত্রসহ আত্মীয়তার সম্পর্ক রয়েছে এই

সুযোগে যথাযথ নিয়ম না মেনে যদি কেউ ভোটার হতে চাই এবং বাংলাদেশে অবস্থানরত বিরজমান সমস্যা রোহিঙ্গারা যাতে ভোটার না হতে পারে সেদিকে সতর্ক থাকতে হবে।

ভোটার হালনাগাদ কার্যক্রমে ভোটার হওয়ার যোগ্যতা রাখে এমন ব্যক্তিদের সম্পৃক্ত করতে ব্যাপক প্রচার প্রচারণা চালাতে হবে এজন্য ইউনিয়ন ভিত্তিক মাইকিন করা, সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার চালানো এবং প্রতিটি মসজিদে জুম্মার নামাজের সময় ইমাম সাহেবের মাধ্যমে প্রচার প্রচারণা চালানোর ব্যবস্থা করতে হবে। ধর্মীয় সংখ্যালঘুদের কেউ যেন ভোটার হতে বাদ না পড়ে সে বিষয়ে যথাযথ গুরুত্ব দিতে হবে।

দামুড়হুদায় মানববন্ধন ও অবস্থান কর্মসূচি

দামুড়হুদা জয়রামপুর রেল ইস্টিশনে সাগরদাঁড়ি ও কপোতাক্ষ ট্রেনের আপ ডাউন স্টোপেজের দাবীতে মানববন্ধন ও অবস্থান কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার বেলা ৪ টার সময় এই মানববন্ধন ও অবস্থান কর্মসূচি অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলার ঐতিহ্যবাহী জয়রামপুর রেল স্টেশনে সাগরদাঁড়ি ও কপোতাক্ষ ট্রেনের আপ ডাউন স্টোপেজের দাবিতে স্থানীয়রা মানববন্ধন করেছে। তারা সাগরদাঁড়ি ও কপোতাক্ষ ট্রেন যেনো স্টপেজ দেয় সেজন্য অসংখ্য মানুষ জয়রামপুর রেল স্টেশনে বিভিন্ন প্লেকার্ড নিয়ে ট্রেন থামানোর উদ্দেশ্যে অবস্থান নেয়।

সংবাদ শুনে দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার ভূমি কে এইচ তাসফিকুর রহমান, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি হুমায়ূন কবির ও সেনাবাহিনীর একটি টিম ঘটনা স্থল পরিদর্শন করেন। শেষ পর্যন্ত স্থানীয়দের সামাল দিতে দামুড়হুদা মডেল থানার পুলিশ, সেনাবাহিনী ও এসিল্যান্ড ঘটনাস্থলে মানববন্ধনের শেষ পর্যন্ত অবস্থান করে।

মানববন্ধনে বক্তারা বলেন, আমাদের জয়রামপুর রেল স্টেশন জেলার একটি পুরাতন ও ঐতিহ্যবাহী রেল স্টেশন। রাজশাহী মেডিক্যাল সহ দেশের বিভিন্ন অঞ্চলের যাতায়াতের জন্য এই স্টেশনে যেনো সাগরদাঁড়ি ও কপোতাক্ষ আপ ডাউন ট্রেন থামানো হয়। এখানে স্টোপেজের দাবীতে আমরা আজ মানববন্ধন ও অবস্থান কর্মসূচি পালন করছি। এই লাইনে প্রথম গেদে থেকে জগতী ইস্টেশন পর্যন্ত রেল যোগাযোগ চালু হয়। তখন থেকেই এই জয়রামপুর ইস্টিশন চালু ছিলো। কিন্তু বর্তমানে এই স্টেশন টি প্রায় বন্ধ হবার উপক্রমে আছে, বলতে গেলে এখন জয়রামপুর ইস্টিশন বন্ধ আছে। আমদের দাবী এই স্টেশন টি অতি তাড়াতাড়ি যাতে চালু হয় আমরা জনগণ সেই দাবী জানান।

সাবেক সেনা সদস্য লাজিব আক্তার সিদ্দিকী বলেন, ঐতিহ্যবাহী জয়রামপুর রেল স্টেশনে আগে স্টেশন মাস্টার ছিল, স্টাফদের থাকার জায়গা ছিল, গেটম্যান ছিল। এখান এখানে আর কিছুই নাই স্টেশনটি বন্ধ হয়ে গেছে। আমরা চাই স্টেশনটি আবার নতুন করে চালু করা হোক এবং সাগরদাড়ি ও কপোতাক্ষ ট্রেনের আপ এবং ডাউন স্টোপেজ দাবী করছি। এখানে যেন আগের মত স্টেশন মাস্টার এবং গেটম্যান সহ সকল বিষয়ে ঊর্ধ্বতন কর্তৃপক্ষ সুবিবেচনায় দেখবেন এমনটি আশা করেন।

জয়রামপুর মানবকল্যান যুব সংগঠন এর সভাপতি মোঃ মনিরুল ইসলাম মিলন বলেন, ঐতিহ্যবাহী জয়রামপুর রেল স্টেশনে গেট ম্যান না থাকার কারণে বেশ কয়েকটি তাজা প্রাণ-অকালে ঝরে গেছে। এই স্টেশনটিতে স্টেশন মাস্টার সহ কোন লোকজন নেই। কিন্তু এক সময় এই ঐতিহ্যবাহী জয়রামপুর রেল স্টেশনে ৪৭ জন কর্মকর্তা-কর্মচারী ছিল। কালের বিবর্তনে তা হারিয়ে গেছে।

১৮৬২ সালে গেদে থেকে কুষ্টিয়াজ জগতী রেললাইন চালু হয়। তখন থেকেই জয়রামপুর রেল স্টেশন জমজমাট ছিল। এই অঞ্চলে প্রায় দুই লক্ষের অধিক মানুষ এই জয়রামপুর স্টেশন ব্যবহার করতো। এখানে রয়েছে ঐতিহ্যবাহী জয়রামপুর গুড়েরহাট যেখান থেকে সারা বাংলাদেশে ট্রেনের মাধ্যমে খেজুরের গুড় বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে পাঠানো হতো। স্থানীয় অর্থকরী কৃষি ফসল দেশের বিভিন্ন অঞ্চলে ট্রেনের মাধ্যমে যেত, যা এখন সম্পূর্ণরূপে বন্ধ আছে। অনতিবিলম্বে এই স্টেশনে স্টেশন মাস্টার ও গেটম্যান সহ সাগরদাড়ি ও কপোতাক্ষ ট্রেনের আপ এবং ডাউন স্টপেজ দাবী করছি।

দামুড়হুদায় তারুণ্যের উৎসব উদযাপন উপলক্ষে প্রস্তুতি মূলক সভা

দামুড়হুদায় তারুণ্যের উৎসব উদযাপন উপলক্ষে প্রস্তুতি মূলক সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার সকাল ১১ টায় “এসো দেশ বদলায় পৃথিবী বদলায়” এই প্রতিপাদ্যকে সামনে রেখে উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সভাকক্ষে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা মমতাজ মহলের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তারা তারুণ্যের সম্ভবনাকে এগিয়ে নিতে স্কুল- কলেজের ছাত্র ছাত্রীদের জন্য দেশীয় ঐতিহ্যবাহী প্রতিযোগিতামূলক বিভিন্ন খেলাধূলাসহ, ফুটবল, ক্রিকেট খেলার আয়োজন করা, মাদক মুক্ত সমাজ গঠনের জন্য সভা সেমিনারের আয়োজন করা,যুবকদের নিয়ে বিভিন্ন পেশা ভিত্তিক উদ্যাক্তা মূলক সভা সেমিনার আয়োজন করা, মোবাইল আসক্তি দূর করার জন্য ডিজিটাল প্রযুক্তির মাধ্যমে কীভাবে আয় করতে পারি টেকসই উদ্যোগ গ্রহণ ও প্রচার করা, সাধারণ জ্ঞান বৃদ্ধির জন্য উম্মুক্ত কুইজ প্রতিযোগিতার আয়োজন করা, নিরাপদ খাবার উৎপাদনের জন্য নিরাপদ উপকরণ ব্যবহারের উদ্যোগ গ্রহণ করে প্রচার করা, ছাত্র ছাত্রীদের জন্য প্রতিযোগিতা মূলক দেশাত্মবোধক গান, হামদ-নাত গজলের আয়োজন করাসহ তারুণ্যের সম্ভবনাকে এগিয়ে নিতে নানা প্রস্তাবনা নিয়ে আলোচনা করেন।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কর্মকর্তা (ভূমি) কে এইচ তাসফিকুর রহমান, কৃষি কর্মকর্তা শারমিন আক্তার, সমাজ সেবা কর্মকর্তা তোফাজ্জল হক, প্রাণী সম্পদ কর্মকর্তা লীলিমা আক্তার হ্যাপি, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ হুমায়ুন কবীর, দর্শনা থানার অফিসার ইনচার্জ শহীদ তিতুমীর, দামুড়হুদা থানা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজোহা পলাশ, দর্শনা প্রেস ক্লাবের সভাপতি একরামুল হক পিপুল, শিক্ষা কর্মকর্তা আবু হাসান, মাধ্যমিক শিক্ষা অফিসার এস এম বজলুর রশীদ, আব্দুল ওদুদ শাহ ডিগ্রী কলেজের

অধ্যক্ষ কামাল উদ্দিন, যুব উন্নয়ন কর্মকর্তা জাহাঙ্গীর আলম, মৎস্য কর্মকর্তা ফারুক মহলদার, আনসার ভিডিপি কর্মকর্তা মোহাম্মদ সাজিদ, মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, জুড়ানপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের আব্দুল করিম বিশ্বাস, হাউলি ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন, দামুড়হুদা মডেল মসজিদের ইমাম ও খতিব হাফেজ মাওলানা মুফতি মামুনুর রশীদসহ শিক্ষক প্রতিনিধি, সুধীজন প্রতিনিধি, সাহিত্য সংস্কৃতি প্রতিনিধি, এনজিও প্রতিনিধি,স্বাস্থ্য প্রতিনিধি, ছাত্র প্রতিনিধিসহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারী বৃন্দরা।